

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

### আরবী

وَعَن عمار

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ كَانَ ذَا وَجْهَيْنِ فِي الدُّنْيَا كَانَ لَهُ يَوْمَ الْقِيَامَةِ لِسَانَانِ مِنْ نَارِ» . رَوَاهُ الدَّارِمِيّ

#### বাংলা

৪৮৪৬-[৩৫] 'আম্মার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দুনিয়ায় দ্বিমুখী হবে, কিয়ামতের দিন তার মুখে আগুনের জিহ্বা হবে। (দারিমী)[1]

## ফুটনোট

[1] হাসান: দারিমী ২৭৬৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৯৮৮, মুসনাদে আবূ ইয়া'লা ১৬২০, সহীহ ইবনু হিবান ৫৭৫৬, শু'আবুল ঈমান ৪৮৮০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮৪৭, আল মু'জামুল আওসাত্ব ৬৬৮৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১৬৮৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَنْ كَانَ ذَا وَجْهَيْنِ فِي الدُّنْيَا كَانَ لَهُ يَوْمَ الْقِيَامَةِ لِسَانَانِ مِنْ نَارٍ) যারা দুনিয়াতে ফিতনার উদ্দেশে দ্বিমুখী আচরণ করে। একদলের কাছে গিয়ে এক কথা বলে এবং অন্যদলের কাছে গিয়ে অন্য কথা বলে। কিয়ামতের দিন তার আগুনের দু'টি জিহ্বা থাকবে, কেননা সে দুনিয়াতে প্রত্যেক দলের কাছে আলাদা জিহ্বা ব্যবহার করত। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৮৬৫)

মিরকাতুল মাফাতীহ গ্রন্থকার বলেনঃ হাদীসটির মর্মার্থ এরূপ, যে নিজেকে কোন ব্যক্তির সামনে তার শুভাকাঙক্ষী এবং ভালোবাসার দাবীদার হবে অথচ তার পশ্চাতে তার দোষ-ক্রটি বলে বেড়াবে।

অথবা, যার দু'জন শত্রু রয়েছে এবং প্রত্যেকের নিকট বন্ধু সাজে ফলে প্রত্যেকে মনে করে সে তাদের বন্ধু অথচ



সে একজনের দোষ অন্যের কাছে গিয়ে লাগায়। কিয়ামতের দিন তার আগুনের দু'টি জিহ্বা হবে।

(মিরকাতুল মাফাতীহ 'কিতাবুল আদাব')

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন